

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০০৭

পর্ব-১৯: জিহাদ (الجهاد)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - গনীমাতের সম্পদ বণ্টন এবং তা আত্মসাঙ্ক করা

আরবী

وَعَنْ حَبِيبِ بْنِ مُسْلِمَةَ الْفِهْرِيِّ قَالَ شَهِدْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَفْلَ الرِّبْعِ فِي
الْبَدَأَةِ وَالثَّلَاثِ فِي الرِّجْمَةِ. رَوَاهُ أَبُو دَاوُدُ

বাংলা

৪০০৭-[২৩] হাবীব ইবনু মাসলামাহ আল ফিহরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে কোনো এক যুদ্ধে উপস্থিত ছিলাম। যারা যাওয়ার পথে যুদ্ধ করে বিজয়ী হয়েছে, তাদেরকে গনীমাতের এক-চতুর্থাংশ এবং যারা ফেরার পথে যুদ্ধ করে, তাদেরকে এক-তৃতীয়াংশ নফল স্বরূপ প্রদান করেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ২৭৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদিসের ব্যাখ্যায় ইবনুল মালিক (রহঃ) বলেনঃ মুজাহিদরা অভিযানে বের হওয়ার পরে যদি কোনো অগ্রদলে মূলদল পৌঁছার আগেই শক্ত বাহনীর মুখোমুখি হয়ে পড়ে এবং যুদ্ধে বিজয়ী হয় তাহলে তাদের জন্য গনীমাতের এক-চতুর্থাংশ রয়েছে (নফল বা অতিরিক্ত হিসেবে)। আর অন্য সকল সৈন্যের জন্য রয়েছে চার ভাগের তিন ভাগ, যাতে তারাও সাধারণ সৈনিক হিসেবে অংশ পাবে। আর যুদ্ধ থেকে ফেরার পথে মূল সৈন্য দলের কোনো ক্ষুদ্র অংশ যদি শক্ত মোকাবিলা করে বিজয় অর্জন করে তাহলে তারা গনীমাতের সাধারণ অংশের সাথে সাথে অতিরিক্ত কষ্টের কারণে অতিরিক্ত এক-তৃতীয়াংশ লাভ করবে। (মিরকাতুল মাফাতীহ ৭ম খন্ড, ৫২৫ পৃঃ; ‘আওনুল মা’বুদ ৫ম খন্ড, হাঃ ২৭৪৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ হাবীব ইবন মাসলামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69334>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন